গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১০৫/২০১৮-১৯

ঢাকা, মঙ্গলবার ২৭ নভেম্বর ২০১৮, ১৩ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। কোম্পানি আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস

২। সহিংসতা ঠেকাতে কঠোর হওয়ার নির্দেশ সিইসির : নির্বাহী ম্যাজিস্ট্রেটদের ব্রিফিং

৩। ইসির নির্দেশনা : সামাজিক যোগাযোগ মাধ্যমে ২৪ ঘন্টা নজরদারি

৪। ইভিএমের ৬ আসন চূড়ান্ত করল ইসি

৫। জাপানি ভাষায় প্রকাশিত হলো গ্রাফিক নভেল 'মুজিব'

৬। শহিদ ডা. মিলন দিবস আজ

৭। সরকারি সেবা নিশ্চিত করায় কর প্রদানে মানুষ উৎসাহিত হচ্ছে : অর্থমন্ত্রী

৮। পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরির গেজেট প্রকাশ

৯। বিমানবন্দরে শনিবার ব্যাংক খোলা রাখতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ

১০। নির্বাচনে আইনশৃঙ্খলা মনিটরিং সেল গঠন করেছে বাংলাদেশ পুলিশ

১১। আইএলও'র প্রতিবেদন : বাংলাদেশে মজুরিতে লিঙ্গবৈষম্য কমেছে

চলমান পাতা-২

১। **কোম্পানি আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**

**১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস**

‘ওয়ান ম্যান কোম্পানি’ গঠনের অনুমতির বিধান রেখে কোম্পানি (সংশোধনী) আইন-২০১৮ এর খসড়া নীতিগতভাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। অন্যদিকে, ১২ ডিসেম্বরকে ‘জাতীয় তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি দিবস’ (ন্যাশনাল ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ডে) এর স্থলে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস’ হিসেবে পালনের অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে গতকাল (২৬ নভেম্বর সোমবার) অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকশেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, প্রস্তাবিত এ আইনে বলা হয়েছে, একজন ব্যক্তি ‘ওয়ান ম্যান কোম্পানি’ গঠন করতে পারবে। শফিউল আলম আরো বলেন, চলচ্চিত্র ও টেলিভিশনের মতো গণমাধ্যমের আরো বিকাশে মন্ত্রিসভা ‘বাংলাদেশ ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট (সংশোধনী আইন) ২০১৮’ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

২। **সহিংসতা ঠেকাতে কঠোর হওয়ার নির্দেশ সিইসির : নির্বাহী ম্যাজিস্ট্রেটদের ব্রিফিং**

দায়িত্ব পালনকালে বিভ্রান্তিকর পরিস্থিতির মধ্যে পড়লে নির্বাহী ম্যাজিস্ট্রেটদেরকে সহনশীল থেকে জেনে-বুঝে অ্যাকশনে যাওয়ার পরামর্শ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। কোনো অবস্থাতেই পরিস্থিতি যেন নিয়ন্ত্রণের বাইরে না যায় সে ব্যাপারে সতর্ক করে তিনি বলেছেন, নির্বাচনকে কেন্দ্র করে কোনো সংঘাত-প্রাণহানি অথবা রক্তপাত যেন না হয়। একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নির্বাচনি আচরণ বিধিমালা সংক্রান্ত ব্রিফিংয়ে তিনি এসব পরামর্শ দেন। গতকাল (২৬ নভেম্বর সোমবার) নির্বাচন ভবনের অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ ব্রিফিংয়ে রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের নির্বাহী ম্যাজিস্ট্রেটরা উপস্থিত ছিলেন। এ নিয়ে গত তিনদিনে মোট ৬৯১ জন ম্যাজিস্ট্রেটকে ব্রিফিং দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

৩। **ইসির নির্দেশনা : সামাজিক যোগাযোগ মাধ্যমে ২৪ ঘন্টা নজরদারি**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে গুজব, অপপ্রচার ও ষড়যন্ত্র ঠেকাতে ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যম ২৪ ঘন্টা মনিটরিং করতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। গতকাল (২৬ নভেম্বর সোমবার) নির্বাচন কমিশন কার্যালয়ে টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন-বিটিআরসি, ন্যাশনাল টেলিকম মনিটরিং সেন্টার-এনটিএমসি এবং মোবাইল অপারেটরদের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকশেষে সাংবাদিকদের এ কথা জানান ইসি সচিব হেলালুদ্দীন আহমদ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৪। **ইভিএমের ৬ আসন চূড়ান্ত করল ইসি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৬ ও ১৩, চট্টগ্রাম-৯, রংপুর-৩, খুলনা-২ এবং সাতক্ষীরা-২ আসনে ভোট নেওয়া হবে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম)। এ ছয়টি আসনের সবকটি ভোটকেন্দ্রে ইভিএম ব্যবহার করা হবে। গতকাল (২৬ নভেম্বর সোমবার) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ইসি সচিবালয়ের কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীদের উপস্থিতিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে দৈবচয়ন পদ্ধতিতে এ ৬টি আসন নির্ধারণ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৫। **জাপানি ভাষায় প্রকাশিত হলো গ্রাফিক নভেল ‘মুজিব’**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক গ্রাফিক নভেল ‘মুজিব’ জাপানি ভাষায় প্রকাশিত হয়েছে। গতকাল (২৬ নভেম্বর সোমবার) টোকিওর বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে এর

মোড়ক উন্মোচন করা হয়। বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে গ্রাফিক নভেল 'মুজিব' জাপানি ভাষায় অনুবাদ ও প্রকাশ করেছে গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর রিসার্চ এন্ড ইনফরমেশন (সিআরআই)। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জাপানের প্রধানমন্ত্রীর স্ত্রী আকিয়ে আবে। বিশেষ অতিথি ছিলেন জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী তোশিকো আবে। গেস্ট অভ্ অনার হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধুকন্যা শেখ রেহানা ও বঙ্গবন্ধুর দৌহিত্র রাদওয়ান মুজিব সিদ্দিক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৫)।

**৬। শহিদ ডা. মিলন দিবস আজ**

শহিদ ডা. মিলন দিবস আজ। ১৯৯০ সালের এ দিনে স্বৈরশাসনবিরোধী আন্দোলনের উত্তাল মুহূর্তে আন্দোলনের সংগঠক ও বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশনের যুগ্ম-মহাসচিব ডা. শামসুল আলম খান মিলন সন্ত্রাসীদের গুলিতে নিহত হয়েছিলেন। মিলনের আত্মদানের মধ্য দিয়ে সেদিনের স্বৈরাচার আন্দোলনে নতুন গতি সঞ্চারিত হয়। অবশেষে ছাত্র গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরশাসনের পতন ঘটে। সেই থেকে প্রতিবছর শহিদ ডা. মিলন সংসদ ২৭ নভেম্বর শহিদ মিলন দিবস হিসেবে পালন করে আসছে। দিনটি স্মরণে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৪)।

**৭। সরকারি সেবা নিশ্চিত করায় কর প্রদানে মানুষ উৎসাহিত হচ্ছে : অর্থমন্ত্রী**

বর্তমান সরকারের কাছ থেকে ভাল সেবা পাচ্ছে বলে দেশের সাধারণ মানুষ আয়কর দিতে উৎসাহিত হচ্ছেন বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার মূল লক্ষ্য জনসেবা। আর জনসেবা যখন কর্ম হয়ে ওঠে, তখন জনগণ সেটা পছন্দ করে। তিনি বলেন, এখন আর আয়কর দিতে কেউ ভয় পায় না, বরং এটাকে গৌরবের বিষয় মনে করছে। সরকার তাদের সেবা দিচ্ছে, বিনিময়ে দেশের জন্য তারাও কিছু করতে পারছে। এ ধরনের একটি অনুভূতি থেকে মানুষ আয়কর দিতে উদ্বুদ্ধ হচ্ছে। গতকাল (২৬ নভেম্বর সোমবার) সচিবালয়ের নিজ দফতরে অনলাইনের মাধ্যমে নিজের আয়কর বিবরণী দাখিলের পর সাংবাদিকদের এসব কথা বলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

**৮। পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরির গেজেট প্রকাশ**

পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরি ৫১ শতাংশ বাড়িয়ে ৮ হাজার টাকা নির্ধারণ করে গেজেট প্রকাশ করেছে সরকার। এ মজুরি আগামী ১ ডিসেম্বর থেকে কার্যকর হবে। গেজেটটি গত ২৫ নভেম্বর রোববার জারি করা হয়। এর আগে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে ন্যূনতম মজুরির প্রজ্ঞাপন প্রকাশিত হয়। ন্যূনতম মজুরির গেজেট অনুযায়ী, শ্রমিকদের জন্য সাতটি ও কর্মচারীদের জন্য চারটি গ্রেড নির্ধারণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৯। বিমানবন্দরে শনিবার ব্যাংক খোলা রাখতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশ**

হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবস্থিত ব্যাংকগুলোর এলসি ওপেনিং শাখাগুলোকে সাপ্তাহিক ছুটির দিন শনিবার খোলা রাখার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংকের ডিপার্টমেন্ট অভ্ অফ-সাইট সুপারভিশনের উপ-মহাব্যবস্থাপক স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ নির্দেশ দেওয়া হয়। গত ২৫ নভেম্বর রোববার এ নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

**১০। নির্বাচনে আইনশৃঙ্খলা মনিটরিং সেল গঠন করেছে বাংলাদেশ পুলিশ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আইনশৃঙ্খলা মনিটরিং ও কোঅর্ডিনেশন কমিটি এবং সেল গঠন করেছে বাংলাদেশ পুলিশ। এর মধ্যে পুলিশের ইন্সপেক্টর জেনারেল ড. জাবেদ পাটোয়ারীকে সভাপতি এবং ডিআইজি (অপারেশন্স) আনোয়ার হোসেনকে সদস্য সচিব করে আইনশৃঙ্খলা মনিটরিং ও কোঅর্ডিনেশন কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে অতিরিক্ত আইজি (এডমিন অ্যান্ড অপারেশন) মো. মোখলেছুর রহমানকে সহ-সভাপতি করা হয়েছে। এছাড়া সারাদেশকে ৪টি অঞ্চলে ভাগ করে মনিটরিং ও কোঅর্ডিনেটর সেলের দায়িত্ব দেওয়া হয়েছে

পুলিশের ৮ শীর্ষ কর্মকর্তাকে। এলাকাভিত্তিক সেলগুলো কী কাজ করবে এর **১৯**টি দিকনির্দেশনা রয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**১১। আইএলও'র প্রতিবেদন : বাংলাদেশে মজুরিতে লিঙ্গবৈষম্য কমেছে**

সারাবিশ্বে একমাত্র বাংলাদেশেই ঘণ্টাভিত্তিক কাজের ক্ষেত্রে মজুরি নির্ধারণে লিঙ্গবৈষম্য কমেছে। সরকারি খাতের তুলনায় বেসরকারি খাতে লিঙ্গবৈষম্য কমেছে ৫ দশমিক ৯ শতাংশ। শ্রমবাজারে প্রবেশের ক্ষেত্রেও বিশ্বের শীর্ষ চার দেশের তালিকায় রয়েছে বাংলাদেশের নাম। তবে মাসিকভিত্তিতে মজুরির ক্ষেত্রে লিঙ্গবৈষম্য এখনও গড়ে ৭ দশমিক ২ শতাংশ, যা অনেক দেশের তুলনায় বেশি। আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) বৈশ্বিক মজুরি প্রতিবেদনে এ চিত্র উঠে এসেছে। 'গ্লোবাল ওয়েজ রিপোর্ট-২০১৮-১৯ : হোয়াট লাইজ বিহাইন্ড জেন্ডার পে গ্যাপস' শীর্ষক প্রতিবেদনটি গতকাল (২৬ নভেম্বর সোমবার) প্রকাশ করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** সম্প্রতি নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে একটি স্টিল মিলে দুর্ঘটনায় **১৩** শ্রমিকের দগ্ধ হওয়ার ঘটনা তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পাশাপাশি শ্রমিকদেরও কর্মপরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্য নিরাপত্তার ব্যাপারে তৎপর হওয়ার সুপারিশ।

**খ.** **জনকণ্ঠ, ইনকিলাব :** রাজধানীর সড়কে শৃঙ্খলা ফেরাতে ট্রাফিক কারিগরি ইউনিটকে উন্নত দেশের মতো আধুনিক কৌশলে প্রশিক্ষণ দিয়ে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ :** নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার পাশাপাশি গণমাধ্যমকে আরও সক্রিয় হওয়ার আহ্বান।

**ঘ.** **সমকাল :** নোয়াখালীতে ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা কিন্ডারগার্টেন নামের শিক্ষা-ব্যবসার মাধ্যমে শিক্ষার নামে বাণিজ্য গ্রহণযোগ্য হতে পারে না বলে অভিমত।

**ঙ.** **যুগান্তর :** রাজনৈতিক অনিশ্চয়তার কারণে দেশে বৈদেশিক সহায়তা কমে যাওয়ায় একটি অংশগ্রহণমূলক ও সুষ্ঠু নির্বাচনের মধ্য দিয়ে সব অনিশ্চয়তা দূর হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশের প্রায় **১১** লাখ শারীরিক প্রতিবন্ধীদের মাত্র চার শতাংশ প্রাথমিক শিক্ষার আওতায় আসতে পারার তথ্য তুলে ধরে এসব প্রতিবন্ধীদের শিক্ষার আওতায় আনার ব্যবস্থা করার সুপারিশ।

**ছ.** **ডেইলি সান :** বিগত অর্থবছরে চামড়া খাতের রপ্তানি আয় **১২** শতাংশ কমে যাওয়ায় সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের দ্বারা বিশ্বমানের পণ্য উৎপাদনে অধিক গুরুত্ব দেওয়ার আহ্বান।

**জ.** **নিউ নেশন :** মানব পাচারকারী ভুয়া রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি গ্রহণযোগ্য নির্বাচনের পূর্বশর্ত দেশের সকল রাজনৈতিক দলের নির্বাচনে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি যা বর্তমানে বিদ্যমান।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশুর মানস গঠনে শিক্ষার বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মাধ্যমিক পর্যায় থেকে কারিগরি ও ডিপ্লোমা শিক্ষার মতো কর্মমুখী শিক্ষা গ্রামীণ অর্থনীতির বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা